



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল

শ্রম অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থ বছরে অনুষ্ঠিত ২য় উদ্ভাবনী সভার কার্যবিবরণী।

সভাপতি	এ.কে.এম.মিজানুর রহমান মহাপরিচালক
সভার তারিখ	১১ সেপ্টেম্বর ২০১৯
সভার সময়	বেলা ৩.০০টা
স্থান	শ্রম অধিদপ্তরের সভাকক্ষ
উপস্থিতি	৫

সভাপতি ইনোভেশন টিম এর সদস্যদের স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়ভিত্তিক উপস্থাপন করেন। সভায় নতুন নতুন উদ্ভবন ধারণা প্রদানের বিষয়ে আলোচনা হয়। এসময় সভাপতি মহোদয় সকল কর্মকর্তাগণকে উদ্ভবন চর্চায় গুরুত্ব দেওয়ার আহবান জানান। এছাড়াও, দপ্তরের তথ্য বাতায়ন নিয়মিতভাবে হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। সভায় আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	১৫ সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রাপ্ত উদ্ভাবনী ধারণা সমূহ মন্ত্রণালয়ে প্রেরণ করা	৪৬টি উদ্ভাবনী ধারণা পাওয়া গেছে যেগুলোর তালিকা উপস্থাপন করা হয়েছে। নিম্নোক্ত ০৪ (চার) সদস্য বিশিষ্ট কমিটি যাচাই-বাছাই করে ডিজিটাল সেবা, উদ্ভাবনী আইডিয়া ও সেবা সহজীকরণ এই তিনটি ক্যাটাগরীতে মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য আইডিয়া নির্বাচন করে ১২ তারিখে কমিটির নিকট প্রদান করবেন। ১) মিনু আফরোজ, উপ পরিচালক, প্রধান কার্যালয়, শ্রম অধিদপ্তর - সভাপতি ২) রোখসানা চৌধুরী, উপ পরিচালক, প্রধান কার্যালয়, শ্রম অধিদপ্তর - সদস্য ৩) মাসুদা সুলতানা, সহকারী পরিচালক, প্রধান কার্যালয়, শ্রম অধিদপ্তর - সদস্য ৪) মোঃ মাহবুব আলম, সহকারী পরিচালক, প্রধান কার্যালয়, শ্রম অধিদপ্তর - সদস্য সচিব	ইনোভেশন টিম ও গঠিত কমিটি
২.২	"বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯"-এর স্ব-মূল্যায়নের প্রমাণক আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা	"বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯"-এর স্ব-মূল্যায়নের প্রমাণক ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তবে গত সভার সিদ্ধান্তের আলোকে পুনরায় নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করার নিমিত্ত প্রস্তুত আছে যা আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।	ইনোভেশন টিম

২.৩	তথ্যবাতায়নের ইনোভেশন কর্ণার এবং ইনোভেশন সংক্রান্ত সেবা বক্স হালনাগাদকরণ	তথ্যবাতায়নের ইনোভেশন কর্ণার এবং ইনোভেশন সংক্রান্ত সেবা বক্স হালনাগাদ করা আছে।	ইনোভেশন টিম ও আইসিটি শাখা
২.৪	তথ্যবাতায়ন পরীক্ষন করে ১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে প্রয়োজনীয় হালনাগাদকরণ ও তথ্যবাতায়ন হালনাগাদ করার নিমিত্ত কারিগরি সহায়তার প্রয়োজন হলে মন্ত্রণালয়ের প্রোগ্রামার জনাব মোঃ আরিফুল ইসলাম-এর সাথে যোগাযোগ করা	তথ্যবাতায়ন হালনাগাদ করার নিমিত্ত কারিগরি সহায়তার জন্য মন্ত্রণালয়ের প্রোগ্রামার জনাব মোঃ আরিফুল ইসলাম-এর সাথে যোগাযোগ করে এ সংক্রান্ত চেকলিস্ট চাওয়া হয়েছে। চেকলিস্ট পাওয়ার পর সে অনুযায়ী হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণ করা হবে।	ইনোভেশন টিম ও আইসিটি শাখা
২.৫	“ডিজিটাল সার্ভিস ডিজাইন ও পরিকল্পনা ল্যাব” বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা।	অত্র দপ্তরের ২০১৯-২০ অর্থবছরের বাজেটে তিন কোটি টাকাবরাদ্দ রাখার ব্যবস্থা করা।	ইনোভেশন টিম ও আইসিটি শাখা
২.৬	"বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০"-এর প্রতিটি প্রশিক্ষণ/কর্মশালা যথাসময়ে বাস্তবায়নের নিমিত্ত প্রতিটি দপ্তর একটি করে ক্যালেন্ডার তৈরী করবে।	করে ক্যালেন্ডার তৈরী করা হয়েছে। ক্যালেন্ডার অনুযায়ী অত্র দপ্তরের প্রশিক্ষণ শাখার মাধ্যমে প্রশিক্ষণ/কর্মশালা যথাসময়ে বাস্তবায়ন করা হবে।	ইনোভেশন টিম ও প্রশিক্ষণ শাখা
২.৭	প্রতিটি দপ্তরে Personal Information Management System চালু করতে হবে।	এ বিষয়ে প্রশাসন শাখা কাজ করছে। মন্ত্রণালয় থেকে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী অত্র দপ্তরের প্রশাসন শাখার মাধ্যমে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে।	ইনোভেশন টিম ও প্রশাসন শাখা
২.৮	যে সকল দপ্তরের ইনোভেশন টিম মন্ত্রিপরিষদ বিভাগের নীতিমাল অনুসারে গঠন করা হয় নাই সেসকল দপ্তরের ইনোভেশন টিম মন্ত্রিপরিষদ বিভাগের নীতিমাল অনুসারে পুনর্গঠন করতে হবে।	মন্ত্রিপরিষদ বিভাগের নীতিমালা অনুসারে ইনোভেশন টিম পুনর্গঠন করা হবে। সেলক্ষ্যে নিম্নোক্ত উপায়ে শ্রম অধিদপ্তরের ইনোভেশন টিম পুনরায় গঠিত হবে। ১) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর - চিফ ইনোভেশন অফিসার ২) অতিরিক্ত মহাপরিচালক, শ্রম অধিদপ্তর - সদস্য ৩) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর - সদস্য ৪) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর - সদস্য ৫) সহকারী পরিচালক, তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর - সদস্য ৬) উপপরিচালক, উপ-পরিচালক (প্রশাসন), শ্রম অধিদপ্তর - সদস্য সচিব	ইনোভেশন টিম

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ.কে.এম.মিজানুর রহমান

মহাপরিচালক

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৪৩.৬৬.০০৭.১৯.৫৪

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৬

১১ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর
- ৩) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর
- ৪) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর
- ৫) উপপরিচালক, উপ-পরিচালক (ট্রেড ইউনিয়ন), শ্রম অধিদপ্তর
- ৬) উপ পরিচালক (শুদ্ধাচার ও বিবিধ), সালিশী শাখা, শ্রম অধিদপ্তর
- ৭) উপ পরিচালক, উপ-পরিচালক (শ্রম কল্যাণ ও বিনোদন), শ্রম অধিদপ্তর
- ৮) সহকারী পরিচালক, ট্রেড ইউনিয়ন শাখা, শ্রম অধিদপ্তর
- ৯) সহকারী পরিচালক , তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল , শ্রম অধিদপ্তর



সালাহউদ্দীন মাহমুদ
উপ-পরিচালক